

সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৩৪১

২৩/ আহার ও তার শিষ্টাচার (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ ২৩/৪৭. ঘির সাথে ভূষিযুক্ত রুটি

بَابِ الْخُبْرِ الْمُلَبَّقِ بِالسَّمْنِ

আরবী

حَدَّتَنَا هَدِيَّةُ بْنُ عَبْدِ الْوَهَّابِ، حَدَّتَنَا الْفَضِلُ بْنُ مُوسَى السِّيْنَانِيُّ، حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ وَاقِدٍ، عَنْ أَيُّوبَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَاقِدٍ، عَنْ أَيُّوبَ، عَنْ نَافِعٍ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ وَاللَّهِ مَلُا اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ وَدِدْتُ لَوْ أَنَّ عِنْدَنَا خُبْزَةً بَيْضَاءَ مِنْ بُرَّةٍ سَمْرَاءَ مُلَبَّقَةٍ بِسَمْنٍ نَأْكُلُهَا " . قَالَ فَسَمِعَ بِذَلِكَ رَجُلٌ مِنَ الْأَنْصَارِ فَاتَّخَذَهُ فَجَاءَ بِهِ إِلَيْهِ فَقَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ " فِي أَيِّ شَيْءٍ كَانَ هَذَا السَّمْنُ " . قَالَ فِي عُكَّةٍ ضَبَ " . قَالَ فَأَبَى أَنْ يَأْكُلُهُ .

বাংলা

১/৩০৪১। ইবনে উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একদিন বলেনঃ আহা! আমার নিকট যদি ঘি মিশ্রিত সাদা মিহি আটার রুটি থাকতো, আমরা তা আহার করতাম। রাবী বলেন, একথা শুনে এক আনসার সাহাবী অনুরূপ রুটি তৈরি করে তাঁর নিকট নিয়ে এলেন। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ এই ঘি কিসের মধ্যে ছিল? সাহাবী বলেন, দব্বের চামড়ার তৈরী পাত্রের মধ্যে। রাবী বলেন, তিনি তা আহার করতে অসম্মতি জ্ঞাপন করেন।

English

It was narrated that Ibn 'Umar said:

"One day, the Messenger of Allah (ﷺ) said: 'I wish that we had some white bread made of brown wheat, softened with ghee, that we could eat.' A man from among the Ansar heard that, so he took some (of that food) and brought it to him. The Messenger of Allah (ﷺ) said: 'Where was this ghee kept?' He said: 'In a container made of mastigure skin.' And he refused to eat it."



ফুটনোট

আবৃ দাউদ ৩৮১৮, মিশকাত ৪২২৯, যইফ আল-জামি' ৬১১৯।

তাহকীক আলবানীঃ দুর্বল। উক্ত হাদিসের রাবী হাদিয়্যাহ বিন আবদুল ওয়াহহাব সম্পর্কে আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি হাদিস বর্ণনায় কখনো কখনো ভুল করেন। ইবনু আবু আসিম বলেন, তিনি সিকাহ। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি সত্যবাদী তবে হাদিস বর্ণনায় কখনো কখনো সন্দেহ করেন। ইমাম যাহাবী বলেন, তিনি সিকাহ। (তাহযীবুল কামালঃ রাবী নং ৬৫৫৪, ৩০/১৫৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন